স্বাধীনতা আমোদের চরম ও পরম অর্জন। ১৯৫২ সালের ভাষা আন্দোলন এর পরবর্তী বিভিন্ন রাজনৈতিক আন্দোলনের ধাপে ধাপে আমরা সংগঠিত হয়ে উঠি, সচেতন হই, গড়ে উঠে সঙ্গবদ্ধ বাঙ্গালী জাতি। ১৯৬৬ সালের ৬ দফার শর্ত গুলো ছিল সর্বশেষ শোষক, পাকিস্তানীদের হাত থেকে নিজেদের মুক্ত করার প্রবল ইচ্ছার বর্হিঃপ্রকাশ। আমার এই দেশ নদ-নদীর কল্যাণে যে উর্বরতা ধারণ করে তার ফলেই এই জন্মভূমি হয়ে উঠেছিল সকলের কাছে আকর্ষনীয়। মিশ্র এই বাঙালী জাতি স্বাধীনতার জন্য অপেক্ষা করেছে শতকের পর শতক। অবশেষে সেই আক্ষরিক স্বাধীনতা এসেছে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বরের বিজয়ের মাধ্যমে। এই স্বাধীনতা অর্জনের জন্য আমরা যে সর্বোচ্চ ত্যাগ ও ঐক্যবদ্ধতার প্রমান রাখতে পেরেছিলাম সেই ঐক্যের-ই ফলাফল এই স্বাধীনতা। পৃথিবীতে এমন কোন স্বাধীন দেশ খুজে পাওয়া যাবে না যারা আমাদের মত বীরের বেশে বিজয় অর্জন করেছে। ১৯৭১ সালের ২৫শে মার্চ পাকিস্তানী হায়ানাদের কা-পুরুষিত আক্রমণে যখন মানবতা পদদলিত হল-তখন বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বাধীনতার ঘোষনা ছিল সাহসী,নায়োকচিত ও দুরদর্শী নেতার ঘোষনা। এই কর্মকাণ্ড কোন রাষ্ট্রবিরোধী বা বিচ্ছিন্নতাবাদী নেতার ঘোষনা নয়। এটি ছিল গণতন্ত্রে বিশ্বাসী জনগনের রায়ে নির্বাচিত সংখ্যাগরিষ্ঠ দলের নেতা, রাষ্ট্রের ভাবী প্রধানমন্ত্রীর ঘোষনা।

বিশ্বে বাংলাদেশই সম্ভবত একমাত্র রাষ্ট্র যে স্বাধীনতা ঘোষনা করে যুদ্ধের মাধ্যমে বিজয়ে ছিনিয়ে নিয়ে আসে। পরাজিত কা-পুরুষ, নরপিশাচ কে বাধ্য করে পরাজয়ের দলিলে স্বাক্ষরের মাধ্যমে আমাদের অভ্যুদয়কে, বিজয়কে মেনে নিতে।

ফলে বিশ্বে একমাত্র আমাদেরই আছে স্বাধীনতা দিবস ও বিজয় দিবস নামক দুটি গর্বের দিন, এমন প্রেক্ষিত সৃষ্টি হয়নি অন্য কোথাও। তাই আমরা বলতেই পারি বীর বাঙালী নিরস্ত্র অবস্থায়, ঐক্যবদ্ধতার মাধ্যমে যা করেছে সত্যিই বিশ্বের জন্য তা অবাক বিস্ময়।

রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় বলেছেন 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে, কে বাঁচিতে চায়?' সত্যিই মানুষের আজন্ম সাধনা ও ত্যাগের চূড়ান্ত অর্জন এই স্বাধীনতা।

অন্যদিকে শেখ ফজলুল করিম বলেছেন 'স্বাধীনতা অর্জনের চেয়ে তা রক্ষা করা কঠিন।' বাংলাদেশ আজ এই কঠিন বাস্তবতায় অবস্থান করছে। স্বাধীনতার ৪১ বছর পরও আমরা ঐক্যবদ্ধভাবে কোন বড় অর্জন আনতে পারি নি। বরং আমাদের মাঝে এসেছে বিভক্তি। সামাজিক, ধর্মীয় ও রাজনৈতিক সম্প্রীতি আমাদের সমাজ থেকে উদ্বায়ী পদার্থের মত হারিয়ে যাচ্ছে দিনেদিনে। পারস্পরিক আস্থাহীনতা, সর্বগ্রাসী দুর্নীতি ও সামগ্রিক রাজনৈতিক অসহিঞ্চুতা হয়ে উঠেছে জাতির প্রধান শত্রু।

শব্দ 'স্বাধীনতা' মূলত বুঝায় স্ব-অধীনতা। এখানে 'স্ব' বলতে নিজকে তথা বিবেককে বুঝানো হয়। কিন্তু আমরা বুঝি আমার উপর খবরদারি বা তদারকি না থাকাই স্বাধীনতা। বরঞ্চ শৃঙ্খলাপূর্ণ জীবনই দিতে পারে ঐক্যবদ্ধতা, সহযোগিতার পরিবেশ। আর তা সমাজে অনুপস্থিত থাকলে মাৎসান্য অবস্থা বিরাজ করত, সভ্যতা আসত না, সভ্য সমাজ সৃষ্টি হত না। শৃঙ্খলাপূর্ণ জীবন এর মাধ্যমে পশ্চিমের দেশ গুলো পরিণত হয়েছে উন্নত বিশ্বে।

আর অন্য দিকে আজ আমরা স্বাধীন দেশের নাগরিক হিসেবে সরকার ব্যবস্থার বিভিন্ন অংশের স্বাধীনতা চাচ্ছি-দিচ্ছি। বিবেধ সৃষ্টি হচ্ছে সংগঠন-সংগঠনে, প্রতিষ্ঠান-প্রতিষ্ঠানে। সরকার ব্যবস্থার মূল যে সম্মিলিত প্রয়াস তা ভেঙ্গে যাচ্ছে। আমরা পরিচালিত হচ্ছি বিভিন্ন ভাবে, কোন সুনির্দিষ্ট পথে নয়। ফলে পৌছাতে পারছি না আমাদের কাঙ্খিত লক্ষে। যা স্বাধীনতা ধারনার সঙ্গে বেমানান। নিজেদেরকে বিশ্বের কাছে পরিচিত করছি ব্যর্থ হিসেবে।

স্বাধীন দুর্নীতি দমন কমিশন (দুদক) সবাই চাই কিন্তু সেই স্বাধীনতা যদি অন্য প্রতিষ্ঠান থেকে সম্পর্কহীন করে তবে তা হবে উক্ত প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য প্রধান অন্তরায়। যা কোন ভাবেই রাষ্ট্র যন্ত্রকে ত্বরান্বিত করবে না। তাই দরকার বিভিন্ন প্রতিষ্ঠানের লক্ষ্য পূরণে অন্য প্রতিষ্ঠানের সক্রিয় সহযোগীতা। তবেই আমরা সমৃদ্ধির শিখরে পৌছাতে পারব। যার মূলমন্ত্র হবে ঐক্যবদ্ধতা। আর তখনই আমরা সত্যিকারের স্বাধীনতার সুফল পাব।

বাংলাদেশের উন্নয়নের প্রধান অন্তরায় হল দুর্নীতি, দুর্নীতি এবং দুর্নীতি। এই দুর্নীতিকে তাড়াতে/কমাতে পারলেই স্বাধীনতার সুবাতাস বইবে সর্বত্র। তাই আসুন সবাই মিলে দেশকে গড়ার জন্য যার যার ব্যক্তিগত, সামষ্ঠিক, প্রাতিষ্ঠানিক ও রাজনৈতিক অবস্থান থেকে দুদককে সহযোগিতা করি। আর আমরা যারা দুর্নীতির বিরুদ্ধে লড়ায়ের জন্য দুর্নীতি দমন কমিশনে যোগদান করেছি, প্রশিক্ষিত হচ্ছি বিভিন্ন ভাবে, আমরাই কমিশনের কাছে জনগনের কাঙ্খিত প্রত্যাশা পূরনের জন্য দৃঢ় প্রতিজ্ঞ ।

"হব মোরা ঐক্যবদ্ধ
ভঙ্গব মোদের দীনত
সহযোগিতায় দেশ এগিয়ে যাবে
পাবে বাংলাদেশ প্রকৃত স্বাধীনতা ।"

এই স্লোগান হয়ে উঠুক আমাদের কর্মের লক্ষ্য ও উদ্দেশ্য। সুখি, সমৃদ্ধ, দুর্নীতি মুক্ত দেশ গঠনই হোক আমাদের অঙ্গিকার ।

# দুর্নীতিমুক্ত সোনার বাংলাদেশ

**মো: গুলশান আনোয়ার প্রধান,** সহকারী পরিচালক, দুদক

দীর্ঘ চারদশক পেরিয়ে, ভাঙ্গাগড়ার এ সন্ধিক্ষণে
আজ আমরা ইতিহাসের সন্তান,
পদ্মা-যমুনা-মেঘনার জলরাশি ছুয়ে আমার পবিত্রভূমি
জন্মলগ্ন থেকে সহেছে বহু অপমান।

সহস্রবার গণজোয়ার এসেছিল স্বাধীনতার,
রক্ত দিয়েছে কৃষক-শ্রমিক- শিশু লক্ষ জনতার।
তবে, পেয়েছি স্বাধীনতা,
বাঙালীর শ্রেষ্ঠ সন্তান মুজিবের ডাকে-
সকল ভেদাভেদ ভুলে গিয়ে হিন্দু- মুসলিম-বৌদ্ধ-খৃস্টান
ছিল এক কাতারে।

আজ মুজিব নেই তবুও বাচার স্বপ্নে লড়ছে এ মাতৃভূমি,
কি দেখছি মোরা, সোনার বাংলায় চলছে খুনাখুনি।
স্বাধীনতা আজ শুধুই শব্দ, নেই বাস্তবতা;
দুর্নীতি, চাদাবাজি, রাহাজানিতে চলছে দেশটা,
কে চালায় একে-
জনতার প্রশ্নের নেই ধারালো জবাব,
উত্তর দেবে কে?
রাজার গদিতে বসে সবাই যে করে পাপ।
আজ আমরা বড় অসহায়
চোখ দুটি খুলা রাখার আপ্রান চেষ্টায়,
আর কতকাল সংগ্রাম করতে হবে!!!

দুর্নীতি, রাহাজানি, চাঁদাবাজিতে জাতির উন্নয়ন প্রশ্নবিদ্ধ,
ধনী-দারিদ্রের বৈষম্যের গ্রাফে কেবল দারিদ্রই অগ্নিদগ্ধ।
সলীম আলীর বউ মারা যায় বিনা চিকিৎসায়,
অথচ ছাদের উপরের মানুষ মরছে বিলাসিতায়,
দুটিই মৃত্যু-
তাই সময়ের স্রোতে মানুষ এসব ভুলে যায়
পৃথিবীর মোহে আবার নাম লিখায় দুর্নীতির খাতায়।

ওরা কারা-
রক্ত মাংশের মানুষের মাঝে কেনো এতো ভেদাভেদ,
কিসের জন্য!!!
অবৈধ সম্পদ, মদ, জুয়া, নারী জাগায় এতো জেদ।
বাংলা মায়ের সোনার ছেলেদের, আজ আবার দরকার,
দুর্নীতিবাজদের নগ্ন অহমিকা ভেঙ্গে কর ছারখার;
বিশ্বের বুকে সম্মান বাড়াতে হবে বাংলার।

নতুন প্রত্যয়ে, নতুন গানে, গড়তে হবে দেশ
নতুন শ্লোগান-"দুর্নীতিমুক্ত সোনার বাংলাদেশ।"

*****

# দুর্নীতি

**মোঃ বাহাদুর আলম**
সহকারী পরিচালক, দুদক

দুর্নীতি তুমি কি?
আমি তোমার গায়ের চোখ ধাঁধাঁনো মকমলের স্যুট
হাকানো পাজারো গাড়ি
গুলশান বনানীর সুরম্য অট্টালিকা
বউয়ের সীমাহীন চাওয়া।

দুর্নীতি তুমি কে?
আমি মানুষের অসীম সসীমের সমীকরন
খালি চোখে কালো চশমা পড়ে, না দেখার ভান
টেবিলের পাশ ঘেঁষে বাম হাতের ব্যাপার।

দুর্নীতি তুমি কোথায়?
আমি আছি তোমার কর্মের মধ্যে
বলনে-কওনে, চিন্তা-চেতনায়
পাবলিক প্রকিউরমেন্টে, আইন প্রয়োগে
তোমার মনের গহীন ঘরে।

দুর্নীতি তুমি কার?
আমি মায়ের আদর
ভাইয়ের মহব্বত
প্রতিবেশীর মনের হিংসা, মুখের প্রশংসা
দুর্নীতিবাজদের চোখের কাঁটা।

দুর্নীতি তোমার পরিনাম
আমি সেইদিন হব শান্ত
যেদিন দুদকের হবে দন্ত
ভদ্রতার মুখোশ তুলে
দুর্নীতিবাজদের নেব জেলে।

# জাগ্রত স্বদেশ

**মুহাম্মদ মোয়াজ্জেম হোসেন (সবুজ)**
সহকারী পরিচালক, দুদক

আমি বাংলার সন্তান
বাংলার আকাশ বাতাস, জলবায়ু আমার প্রাণ,
বাংলা ভাষা, বাংলার মাটি, বাংলার গান
বাংলা সংস্কৃতি আমার কাছে মহীয়ান,
বুকের তাজা রক্তেও বাঁচাবো বাংলার সম্মান,
আমি বাংলা মায়ের সন্তান।

যুগযুগ ধরে যত নিপীড়ন, যত অত্যাচার
যাপিত করেছে বুক ছিড়ে বাংলার!
বাংলার ধূলিকণা আজও অম্লান
গৌরব স্মৃতি ধুয়ে-মুছে,
মিথ্যা অহমিকা আর জৌলসের খোলস পড়েছে।

ধনী গরীবের ব্যবধান
হয়েছে পাহাড় সমান-
গ্রামের কৃষকটি অনাহারে থেকেও
রেখেছে বাংলার সম্মান।
অথচ ধনীর দুলাল, উড়ছে হাওয়ায়
গরীবরা মরবে; এতে কি আসে যায়,
নিজেদের রাজত্ব কায়েম করে এ বাংলায়।

আর কতদিন চলবে এ ব্যবধান
জাগ্রত হও বাংলার সন্তান;
দূর কর যতসব মিথ্যা অভিমান,
বাংলার বুকে জাগ্রত স্বদেশ অভিযান।



# কৌতুক

**কামরুজ্জামান (সুমন),** সহকারী পরিচালক, দুদক।

বয়োবৃদ্ধ এক উকিল পিতা এবং নবীন আইনজীবী ছেলের মধ্যে কথোপকথন-

ছেলে : বাবা, তুমি আমাকে যে ২/৩ টি মামলার দায়িত্ব দিয়েছিলে, সেগুলোর চূড়ান্ত রায় হয়েছে এবং ২ টিতে আমার মক্কেল জিতেছে।

বাবা : কি বলছিস তুই!! ঐ মামলাগুলো তো আমি উত্তরাধিকার সূত্রে তোর উকিল দাদার কাছ থেকে পেয়েছিলাম এবং অর্জিত টাকায় সংসার চালানোর পাশাপাশি তোকে আইনজীবী বানিয়েছি। আর তুই কিনা এত তাড়াতাড়ি শেষ করে দিলি?

ছেলে : কি???

# আইনের সাতকাহন

**আহমেদ হুমায়ুন কবীর,** সহকারী পরিচালক, দুদক

সৃষ্টির উষালগ্ন তেকে অদ্যবধি পৃথিবীর প্রায় সবকিছুই কোন না কোন নিয়মনীতির অধীনে পরিচালিত হয়েছে এবং এখনও হচ্ছে অবস্থা এবং স্থান কাল ভেদে কখনও এর নাম হয়েছে বিধি, কখনও কানুন বা কখনওবা আইন। যেমনঃ দণ্ডবিধি, ফৌজদারী কার্যবিধি, সাক্ষ্য আইন ইত্যাদি। এই বিধি বা আইন এর বইগুলো মানুষের জীবন প্রণালী নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার পাশাপাশি আইনের শাসন এবং ন্যায় বিচার প্রতিষ্ঠায় সহায়তা করে আসছে। ব্রিটিশরা তাদের তৎকালীন উপনিবেশগুলোতে নিজেদের আধিপত্য বজায় রাখার জন্য নিজেদের মত করে এই আইন গুলো প্রণয়ন করে। বলার অপেক্ষা রাখে না প্রণীত আইন গুলোর ভাষা এবং বিশ্লেষন এতটাই জটিল যে একজন আইনের ছাত্র হিসাবে তা বুঝতে আমাকেই অনেক সময় হিমশিম খেয়ে যেতে হয়। নিম্নে এর কতিপয় উদাহরণ টানছিঃ

If the new altered or added charge is such that proceeding immediately with is likely.... (Sec- 229 CRPC)

অথবা

Facts necessary to explain or introduce a fact in issue or relevant fact that or which support or debate interference..... (Evidence Act, Section-9)

এইভাবে

Whoever causes death by doing an act with the intention of causing death or with the intention of causing such bodily injury as likely to... (Penal Code, Section-299)

উপরের উদাহরণগুলো থেকেই আমরা বুঝতে পারছি যে, Non law background দের জন্য বিষয়গুলো কতটা দুরহ। অথচ এই তিনটিই কিন্তু Basic আইন হিসাবে গণ্য। এখন এই ইংরেজি শব্দের গোলক ধাঁধাঁ পড়া না হয় কঠিন, No problem বাংলা অনুবাদ দিয়ে কাজ চালাবেন। এই ব্যাপারে আমার বক্তব্য আইনের ইংরেজি অর্থ খুঁজতে যদি আপনাকে নদীতে সাঁতার দিতে হয় তবে বাংলায় আইন পড়তে গেলে সাগরে সাঁতরানের জন্য প্রস্তুতি নিন। পুর্বে বর্ণিত ইংরেজি গুলোরই বাংলা তর্জমা করছি আপনাদের সদয় জ্ঞাতার্থে। দেখুন আমি কতটুকু সত্যি বলছি-

যখন নতুন, পরিবর্তিত বা সংশোধিত চার্জ এই রূপ হয় যে, আদালতের মতে অবিলম্বে বিচার শুরু করলে আসামী বা সরকার পক্ষের ক্ষতি হইতে পারে.......... (কার্যবিধি ২২৯ ধারা)

কোন বিচার্য ঘটনা বা প্রাসঙ্গিক ঘটনার ব্যাখ্যা বা উপস্থাপন করার জন্য সে ঘটনা প্রয়োজনীয় কিংবা কোন বিচার্য ঘটনা বা প্রাসঙ্গিক ঘটনার উল্লেখিত অনুমানকে...... (সাক্ষ্য আইন ধারা-৯)

যে ব্যক্তি কোন কার্যের সাহায্যে মৃত্যু ঘটাইবার অভিপ্রায়ে বা মৃত্যু ঘটাইবার সম্ভাবনা রহিয়াছে এই রূপ দৈহিক জখম ঘটাইবার বা উক্ত কার্যের সাহায্যে যে মৃত্যু ঘটাইতে পারে... (দণ্ডবিধি ধারা-২৯৯)

কি কিছু বুঝাতে পারলাম? কিন্তু বন্ধুবর সাহস হারালে চলবে না। BPATC তে যতদিন আপনি আছেন ততদিন এগুলো আপনাকে পড়তেই হবে তা যতই খারাপ লাগুক। কাজেই যখন পিছুটান দেবার উপায় নেই তখন চলুন দেখি এর ভেতর কিছু মজা পাওয়া যায় নি। প্রথমেই CRPC কে নিয়ে একটু ঘাটাঘাটি করি। CRPC এর ৩য় ভাগে জনসাধারণ এবং পুলিশ প্রশাসন নিয়ে কথা আছে। চলুন দেখি, সাধারণভাবে পুলিশ ছাড়া অন্য কেউ অপরাধিকে গ্রেফতার করতে না পারলেও সাধারণ ব্যক্তিও যেকাউকে গ্রেফতার করতে পারে (CRPC- ৫৯ ধারা)

আবার পুলিশ পরোয়ানা ছাড়া কাউকে গ্রেফতার করতে না পারলেও CRPC এর ৫৪ ধারা বলে সবকিছু হালাল করে নিতে পারে।

কাউকে গ্রেফতার করতে গিয়ে যদি পুলিশ কোন রকম বাধা করেও নিকট হতে পান তবে তিনি জোর করতে পারেন। এমন কি জোর করতে গিয়ে অন্যের বাড়ির দরজা জানালা পর্যন্ত ভেঙ্গেও ফেলতে পারেন। (CRPC-৪৬-৪৯ ধারা)

নিজে আটককৃত ব্যক্তিকে তল্লাশি করবেন কিন্তু সাবধান মহিলা হলে ভুলেও গায়ে হাত দিবেন না, না হলে খবর আছে (CRPC ৫১ ও ৫২ ধারা)

কোন অপরাধ হতে দেখলে পুলিশ স্বেচ্ছায় তদন্ত করতে পারেন কিন্তু যদি দেখেন যে অপরাধটি গুরুতর নয় তবে আর তার টিকিটি পর্যন্ত নড়বে না যদি না কোন ম্যাজিস্ট্রেট তা নাড়িয়ে দেন (CRPC- ১৫৬, ১৫৭ ধারা)

গ্রেফতারের ২৪ ঘন্টার মধ্যে আদালতে আসামী কে নিয়ে যেতে হবে এর অতিরিক্ত সময় যদি আসামীকে হাজতে আটকে রেখে লেবুর মত কচলাতে চান তরে CRPC - এর ১৬৭ ধারার সাহায্য নিন।

এই তো গেল CRPC এর ঘ্যান ঘ্যানানি এবার Euidence Act নিয়ে ঘ্যান ঘ্যানই------

পুলিশের নিকট প্রদত্ত কোন সাক্ষই গ্রহণযোগ্য নয়। কিন্তু পুলিশের সাথে একজন ম্যাজিস্ট্রেট সকলেই হোল। সব ১০০% হালাল (Sec ২৫, ২৬ সাক্ষ্য আইন)

আবার প্রলোভন, ভীতি প্রদর্শন দ্বারা কোন বক্তব্য নিলে তা গ্রহণ যোগ্য নয় কিন্তু যদি প্রমান করতে পারেন সাক্ষ্য নেবার সময় ভীতি বা প্রলোভনের চিন্তার ভুত ঝেটিয়ে মাথা থেকে বের করে দিতে পেরেছেন তাইলেই হোল (Sec ২৪, ২৮ সাক্ষ্য আইন)

যে মারা গেছে তার আবার সাক্ষ্য কি তবে এরও চমৎকার সমাধান আছে সাক্ষ্য আইনের ৩২ ধারায়। সাক্ষ্য দেবার জন্য আপনাকে অবশ্যই দৈহিক বা মানসিক দিক দিয়ে সুস্থ্য হতে হবে। কিন্তু যদি আপনি তা না হন অর্থাৎ এই ধরেন একটু আধটু বোকা বা নাবালক হন তাতেও কোন সমস্যা নেই তবে সেক্ষেত্রে সাক্ষ্য আইনের ১১৮ ও ১১৯ ধারার ট্যাবলেট গিলতে হবে।

আবার আপনার অপরাধের সহকর্মীদের সাথে বে-ইমানী করতে পারেন OK সাক্ষ্য আইনের ১৩৩ ধারা ধরে ঝুলে পড়ুন।

এবার দন্ডবিধির গান গাই। এই গানে আবার এত বেশি সুর এবং গীতির মিষ্টতা আছে যে বেশি খেলে আপনার ডায়াবেটিস হয়ে যাবার সম্ভাবনা আছে। কিন্তু সম্ভাবনা আছে বলে কি এত মিষ্টি গান আমরা শুনব না? কক্ষননা। চলুন গান শুনি। Penal Code এর Normal হিসাবে অপরাধ করলে শাস্তি পাবেন। কিন্তু ৩৬ থেকে ১০৬ ধারা গুলো একি কথা বলছে। এই ধারাগুলো আপনাকে ১০০% নিশ্চয়তা দিচ্ছে কোন অপরাধে ২০০% জড়িত থেকেও ০% শাস্তির । এমন কি খুন করে ফেললেও খুনির চিন্তা করার কিছু নেই।

আপনি কি এখনও বিয়ে করেন নি, না করলে তাড়াতাড়ি করে ফেলুন তবে সাবধান বউয়ের বয়স যেন ১৩ বছরের কম না হয় তাহলে নিজের স্ত্রিকে ধর্ষণ করার অপরাধে দোষী হবেন। নাউজুবিল্লাহ (ধারা ৩৭৫ দ: বি:)

অপরাধ না করেও শুধু চেষ্টা বা প্রস্তুতি নিয়েও আপনি অপরাধি হতে পারেন যেমন জাল মুদ্রা তৈরীর যন্ত্র নিজের কাছে রাখা, জাল মুদ্রা রাখা, ডাকাতির প্রস্তুতি, কিংবা ৫১১ ধারা মতে যে কোন অপরাধের চেষ্টা।

আবার দেখুন ৩০৯ ধারা কি বলছে আপনি অপরাধ করে ফেললে শাস্তি পাবেন না , কিন্তু অপরাধ করার চেষ্টা করে ব্যর্থ হলে শাস্তি অবধারিত। হ্যাঁ ঠিক ধরেছেন আমি আত্মহত্যার কথা বলছি।

কারও কাছ থেকে চুপ করে কিছু নিয়ে যাবেন হবেন চোর (দঃ বি ৩৭৯ ধারা), জোর করে নেবেন হবেন ছিনতাইকারী (দঃ বিঃ ৩৮৩ ধারা), একা বা সাথে তিন বন্ধুকে নিয়ে জোর করার সাথে সাথে কোন অস্ত্র দিয়ে আঘাত করে বা আঘাত করার ভয় দেখিয়ে কিছু ছিনিয়ে নেবেন হবেন দস্যু (দঃ বিঃ ৩৯০ ধারা)। যদি তিন বন্ধুকে দিয়ে কাজ না হয় আরও একজন বা বেশি জনকে নিয়ে আসুন আর হয়ে যান ডাকাত (দঃ বিঃ ৩৯১ ধারা)।

এ রকম অনেক মজার গান গাওয়ার জন্যে অনেক ইচ্ছা থাকলেও দুঃখিত, আপনাদের মহামুল্যবান সময় এবং স্যুভেনিরে জায়গার অভাবে আর শোনাতে পারছি না। কিন্তু সহকর্মী ভাই ও বোনেরা Law এর কঠিন ভাষা দেখে ঘাবড়ে না গিয়ে লড়তে থাকুন Law জয়ের যুদ্ধে। আর আমি শেষ বেলায় আমার পছন্দের গায়ক শ্রীকান্ত আচার্যের একটি গানের বুলি আওতাতে আওড়াতে বাড়ি যাই।

অনেক বলেছি তবুও, বলার যা
বলিনি তা
কি করে যে বলে ফেলি
অথচ বলার ছিল (আইন কত সহজ)!

*****

# দুঃস্বপ্নের আঁধারে

**সেলিনা আখতার মনি,** সহকারী পরিচালক, দুদক

আজও সেই আজব স্বপ্নটা দেখেছে শহর বানু। রাতে ঘুম থেকে জাগার পর থেকেই তার মনটা যেন বিষাদে ভরে আছে। হয়ত কোন মানে নাই স্বপ্নটার, তাও মনটা ছটফট করছে। একই স্বপ্ন প্রত্যেক রাতেই দেখার একটা মানে তো থাকবেই।

শহর বানু তার দশ বছরের মেয়ে পাখি কে তার বাবার কাছে রেখে বাবার ভাংগা ভিটায় ফিরে এসেছিল সেও প্রায় দেড় বছর। অনেক শখ করে, স্বপ্ন নিয়ে বিয়ে করেছিল শেখ পাড়ার কান্দু মিঞাকে। শহর বানুর বিয়েতে পুরো গ্রাম খেতে এসেছিল। একমাত্র মেয়ের বিয়ে বলে কথা। কিন্তু ক'মাস না যেতেই শহর বানু বুঝতে পারেল কান্দু মিঞার স্বভাব চরিত্র ছিল পশুর মত। শত নির্যাতনে মুখ বুঝে সহ্য করেও মাটির মেয়ে শহর বানু টিকতে পারল না তার সংসারে। তারপরও ১১ বছর সংসার করেছে 'পাখি'র মুখের দিকে তাকিয়ে। মেয়েটার মুখে তাকিয়ে লোকটা যদি ঠিক হয় সেই দুরাশায়। কিন্তু ফিরে আসতে বাধ্য হয়েছে। একটা পশুকে অনেকদিন পুষলে নাকি পশুর প্রতি মায়া জন্মে। সোনার প্রতিমা শহরের প্রতি কান্দু মিঞার মায়া জন্মেনি ছিটে ফোটাও। দোষ শহর কাউকেই দেয় না, দোষ দেয় তার কপালটাকে। দুনিয়ার তাবৎ অসুখী মানুষগুলোর কাতারে নিঃশব্দে সে মিশে গেছে।

তবে এখনও এর মন কাঁদে। বুকটা থেকে থেকে হু হু করে উঠে পাখির জন্য। মায়ের মনতো ! কোথায় যেন শূন্যতা।

সোনারমত শহর বানু এখন কষ্টের যাঁতাকল আর ভাগ্যের প্রহসনে পিংগল বর্ণা হলেও চেহারা এখনও চোখে পরার মত। অনেক ছেলেই তাকে নতুন সংসারের স্বপ্ন দেখতে চায়। কিন্তু তার অস্তিত্ব পাখির অদৃশ্য স্থিতি ছাড়া জীবনের আর কোন স্বাদ আচ্ছাদনের সাধ তার হয় না। আর পুরুষ মানুষের উপর থেকে তার বিশ্বাসও অনেকখানি উঠেই গেছে।

পাখি মেয়েটা হয়েছে ভীষণ ফুটফুটে, চঞ্চল মেয়ের মাঝে শহর যেন তার নিজের প্রতিচ্ছবিই খুঁজে পায়। তার সেখানেই মেয়েটা তার মত অভাগা হবে নাতো!

মেয়েটার আবার লাল রঙের বড় শখ। যখন সাত মাস বয়স, কেবল হয়তো রং চিনতে পারে; তখন থেকেই লাল রঙের দিকে তার খেয়াল। লাল রঙের কিছু দেখলেই তার মুখটা উজ্জ্বল হয়ে যেত। রাস্তায় কাজ করে শহর বানু তিল তিল করে টাকা জমায়। মেয়েটা ধীরে ধীরে বিয়ের যোগ্য হয়ে উঠছে। পাখির জন্য দামী লাল একটা জড়ির শাড়ী আর সোনার নাকছবি কিনে রাখবে হিরালালের দোকান থেকে। ভাবতেই শহর বানুর মনটা খুশিতে ডগমগ করতে থাকে।

স্বপ্নটা পাখি কে নিয়েই, শহর বানু প্রায়ই দেখে স্বপ্নটা। চঞ্চল মেয়েটা তার দৌড় দিয়ে একটা দরিয়ার কাছে যায়, হঠাৎ করে দরিয়ার সব জল লাল হয়ে যায়। একেবারে রক্ত রং। আর মেয়েটা সেই লাল দরিয়ার জলে তলিয়ে যেতে যেতে চিৎকার করে কাঁদে মা- মা- মা! ঘুম ভাঙলে বুকে চাপা ভার নিয়েই মেয়ের জন্য আল্লাহ আল্লাহ ডাকে শহর বানু।

পাখির উপরেও পাষন্ড টা অত্যাচার করে কারণ সে মায়ের কাছে আসতে চায়। মায়ের কাছে তাকে আসতে দেয়া হয় না। পাখি একটা কুকুর পোষে। সেটিই তার নিত্যসাথী। আজও স্বপ্নটা দেখে শহর বানু থম থমে হয়ে রয়েছে। আজ সে তাড়াতাড়ি কাজকর্ম সেরে শেখ পারা যাবে বলে সিদ্ধান্ত নেয়। বাজার থেকে একটা লাল ওড়না আর হাতে তৈরী কিছু তাল রসের পিঠা নিয়ে শেখ পাড়ার কান্দু মিঞার বাড়ীর পাশেই নাদের মিঞার বাড়িতে যায় শহরবানু। এর আগেও শহর বানু পাখি কে নাদের মিঞার বাড়ীতে ডেকে নিয়ে চুপি চুপি দেখা করেছে। মেয়ের জন্য টুকটাক পছন্দের খাবার হেলেঞ্চা শাকের শুকতো, ছোট মাছ লাউ ডগার চচ্চরি, কতকিছু সে নিয়ে যেত। মানুষের পৃথিবীটা তো অনেক বড়, আর শহর বানুর পৃথিবী যে শুধু তার এই মেয়েটার স্থিতিতেই আবর্তিত হয়। তাই তবু যেন মায়ের মনের তৃষ্ণা মেটে না।

আজও মেয়েকে দেখার আশাই তাকে নিয়ে যায় নাদেরের বাড়ীতে। গেলে পরে খোঁজ নিয়ে জানা যায় তারা বাবা মেয়ে বাড়ীতে নেই। নাদের মিঞা বলল কান্দু নাকি ব্ল্যাকি ব্যবসা শুরু করেছে। সীমান্তবর্তী গ্রাম তাদের। মাঝে মাঝেই বর্ডার দিয়ে ইন্ডিয়া চলে যায়। কিন্তু মেয়েটাকে কই রেখে গেল। অজানা নানা বাজে আশংকায় শহর বানুর মনটা ছম ছম করে উঠে। প্রতিটা শ্বাস প্রশ্বাস যেন তার ভারী হয়ে যায়। আশে পাশে আরও নানা কিছু কানে ভেসে আসে। কিন্তু জিজ্ঞেস করতে সাহস হয় না। হাজার হলেও বাবার কাছে যত পাষন্ড হোক, মেয়েকে কি দেখে রাখবেনা! নাদের বউ এর বাড়ীতে সে রাতটা থাকার মনস্থ করে শহর বানু। এর মাঝে পাখি যদি বাড়িতে ফেরে; সেই আশায়।

সন্ধ্যে বেলায় চাঁদের আলোয় উঠেনটা ভরে যায়। আজ চাঁদের জ্যোৎস্না মনে হচ্ছে অন্যান্য দিনের থেকে যেন কিছু বেশীই রহস্য করছে। মায়ের কথা মনে পরে শহর বানুর। শহর বানুর অতিরিক্ত চাঁদ অনুরক্ততা দেখে তার মা বাজখাই গলায় বলে উঠত; শহর ! "আর কতক্ষণ চান্দের আলো দেখবি ! চান্দের আলো দেইখা দেইখা তো চন্দ্রগস্ত হইয়া যাবিরে" ! তখনি শহর বানুর বয়াতি বাবা মেয়ের মাথায় স্নেহের হাত দিয়ে প্রশ্রয়ের ভঙ্গিতে উত্তর দিত "রান্দন ঘরের আগুনের রঙ দেইখা দেইখা তুমিও আগুনের মত চড়া

মেজাজে থাক। আমার শহরের মত জ্যোৎস্নার রঙ তুমি বোঝবা কি !"।

সন্ধ্যে হয়েছে অনেকক্ষণ। পলাশ আর শিমুলের ফুল ফুটে আছে যেন গাছ ভর্তি হয়ে। আজ চাঁদের এত আলো যে ফুলের লাল রং টাও যেন স্পষ্ট দেখা যাচ্ছে। নদীর পার থেকে ঠান্ডা ঠান্ডা বাতাস আসছে।

শহর বানু উঠানে বসে নাদের বউয়ের সাথে সুখ দু:খের গল্প করছে। কিন্তু বুকের ভেতরে কোথায় যেন শূন্যতা ককিঁয়ে উঠছে থেকে থেকে। কথার মাঝে হারিয়ে যাচ্ছে কোথায় যেন। মনের কথাতো আর সবার সাথে খুলে বলো চলে না। নাদের ও নাদের বউ তার আপনজন ভেবে একটু সুখ পায় শহর বানু।

হঠাৎ করে নদীর পারে বাজারের কাছ থেকে কিসের যেন কোলাহল শোনা যায়। সাথে কুকুরের করুন কান্না। নাদের বউ ব্যস্ত হয়ে গলা চড়িয়ে পাশের বাড়ীতে সুধায়। "ক্যাগো সমেলার মা, আইজক্যাতো বাদামতলীর হাট না; তয় বাজারে চেঁচামেচি ক্যান !" ইতোমধ্যে নাদেরের ছোট ছেলে এসে খবর দেয় নদীর চরের বালু খুঁড়ে একটা কুকুর নাকি একটা মেয়ের হাত টেনে বের করেছে। থানা থেকে পুলিশ এসেছে। লোকজনের অনেক ভীড়।

কথা শুনে শহর বানু দৌড়ে নদীর পারে যায়। ভীড় ঠেলে সাদা বালীতে কালচে লাল শুকিয়ে যাওয়া রক্তের পাশে পাখির পোষা কুকুরটার কান্না দেখে শহরবানু কিছু ভাবতে পারে না, তার পায়ের তলার মাটি যেন সরে যায়। আর কিছু বলতে পারে না শহর বানু। মাঝে মাঝে জ্ঞান ফিরে আসলে কেবল অনুভব করে কে যেন শক্ত করে ধরে রেখেছে। আর কতগুলি ভাঙ্গা ভাঙ্গা কথা কানে আসে তার পাখি ! লাশ ! পোস্ট মর্টেম ! কান্দু মিঞা মিসিং নাদের বউ তাকে ধৈর্য্য ধরতে বলে। ধৈর্য্য ! কিসের আশায় ধৈর্য্য ধরবে শহর বানু।

*****

# মুসলিম বিশ্বের বর্তমান অবস্থান থেকে উত্তরণের পথ

(ঘুষ দাতা ও ঘুষ গ্রহিতা উভয়ই জাহান্নামী -আল হাদিস)

**মো: হাফিজুল ইসলাম,** সহকারী পরিচালক, দুদক

যে ব্যক্তি নিজেকে আল্লাহ্তায়ালার কাছে কবুল করাতে চায়, আল্লাহ্তায়ালা তার শক্তি, সৌন্দর্য, মাল, ডিগ্রী, পদ অর্থাৎ দুনিয়ার কোন যোগ্যতা দেখেন না। আল্লাহ্ দেখেন তার ঈমানী সিফাত সমূহ।

আজ হতে প্রায় ১৪ শতক বর্ষ পূর্বে দুনিয়া যখন কুফর ও গোমরাহী, মুর্খতা ও অজ্ঞতার অন্ধকারে নিমজ্জিত ছিল তখন মক্কার প্রস্তরময় পর্বতমালা হইতে সত্য ও হেদায়েতের চন্দ্র উদিত হয় এবং পূর্ব থেকে পশ্চিম, উত্তর থেকে দক্ষিণ এক কথায় দুনিয়ার সকল প্রান্তকে স্বীয় নূর দ্বারা আলোকিত করে এবং মাত্র ২৩ বৎসর সময়ের মধ্যে মানব জাতীকে উন্নতির ঐ স্তরে পৌছিয়ে দেয়। যাহার নজির পেশ করিতে গোটা জগতের ইতিহাস অক্ষম। সত্যে, হেদায়েত, কল্যাণ ও কামিয়াবীর এমনি মশাল মুসলমানদের হাতে তুলিয়া দেয় যাহার আলোতে মুসলমান গন উন্নতির পথ ধরিয়া অগ্রসর হইতে থাকে। শত শত বছর ধরিয়া এমন জাঁকজমকের সাথে দুনিয়ার বুকে চলতে থাকে। ইহা একটি অনস্বীকার্য বাস্তব কিন্তু এতদসত্ত্বেও একটি পুরাতন কাহিনী যাহার বার বার আলোচনা না সান্ত্বনাদায়ক আর না কোনরূপ উপকারী ও লাভজনক। কারন বর্তমান অবস্থা ও ঘটনাবলী স্বয়ং আমাদের অতীত ইতিহাসকে ও আমাদের পূর্ব পুরুষদের গৌরবময় কৃতিত্বের উপর কলঙ্কের দাগ লাগাইতেছে। মুসলামানদের চৌদ্দশত বৎসরের জীবন যখন ইতিহাসের পাতায় দেখা যায় তখন জানা যায় যে, আমরা ইজ্জত ও শ্রেষ্ঠত্ব, শান ও শওকত এবং প্রভাব প্রতিপত্তির একমাত্র মালিক ও একচ্ছত্র অধিকারী ছিলাম। কিন্তু যখন ইতিহাসের পাতা হইতে নজর সরাইয়া বর্তমান অবস্থার উপর দৃষ্টিপাত করা হয়। তখন আমাদিগকে চরম লাঞ্ছিত ও অপদস্থ, নিঃস্ব ও অভাবগ্রস্থ জাতি হিসেবে দেখিতে পাওয়া যায়। না আছে শক্তি সামর্থ, না আছে ধন-দৌলত, না আছে শান শওকত, না আছে পরস্পর ভ্রাতৃত্ব বন্ধন ও ভালবাসা, না স্বভাব ভাল, না আখলাক ভাল, না আমরা দুর্নীতির বিষবৃক্ষ থেকে মুক্ত, না আমল ভাল, না আচার আচরণ ভাল, না আমরা ন্যায় বিচার প্রতিষ্ঠায় উদ্বুদ্ধ, না আছে মনুষ্যত্বের অবক্ষয় রোধে কোন সম্মিলিত প্রয়াস, না আছে রাজনৈতিক সদিচ্ছা, না আছে বিচারকদের বলিষ্ঠ ভূমিকা, না আছে দুর্নীতির বিরুদ্ধে আমাদের সরব প্রাতবাদ। সব ধরনের অকল্যাণ আমাদের মধ্যে, সব ধরনের কল্যাণ হইতে আমরা বহু দূরে। অমুসলিমরা আমাদের এই দূরবস্থার উপর আনন্দবোধ করে, প্রকাশ্যে আমাদের দুর্নাম গাওয়া হয় এবং আমাদেরকে লইয়া উপহাস করা হয়। অবাক হইতে হয়, যে জাতি একদা পিপাসা মিটাইয়াছে আজ তাহারা কেন পিপার্সাত? যে জাতি দুনিয়াকে সভ্যতা ও সামাজিকতার সবক পড়াইয়াছে আজ কেন তাহারা অসামাজিক ও অসভ্য? নবী ও রাসূলগনের মেহনত ছিল উম্মত দুনিয়াতে সুখ ও শান্তিময় জীবনযাপন করে এবং আখিরাতে জাহান্নাম হতে মুক্তি লাভ করে। বর্তমানে দাওয়াতে মেহনতের মাধ্যমে উক্ত পরিবেশই আবার দুনিয়াতে ফিরে আসে এর জন্য নিরলসভাবে চেষ্টা করা হচ্ছে। আল্লাহ্ তায়ালা আমাদেরকে সঠিকভাবে বুঝার এবং সে অনুযায়ী আমল করার তৌফিক দান করুন। আমিন। দুর্নীতি করবোনা, সইবোনা, মানবোনা....।

*****

# সবুজের দিকে তাকিয়ে

**মো: জাকারিয়া,** সহকারী পরিচালক, দুদক

এইতো সেদিন কোন এক বিকেলে ফাঁকা রাস্তা দিয়ে হাঁটছিলাম। হঠাৎ কে যেন বলে উঠল স্যার, ও স্যার। নীরবতা ভেঙে দাঁড়িয়ে গেলাম। ফিরে দেখলাম লোকটি আস্তে আস্তে আমার দিকে এগিয়ে আসছে। আমি বললাম, আমাকে ডাকছেন। লোকটি বলল, হ্যাঁ স্যার আপনাকে ডাকছিলাম। আমি বললাম, কেন ডাকছেন। লোকটি বলল, স্যার আপনিতো দুর্নীতি দমনের বড় অফিসার। আমি বললাম, তেমন বড় না। লোকটি বলল স্যার দেশটা দুর্নীতিতে ভরে গেছে। কোন কাজ টাকা ছাড়া হয়না। আমি বললাম না, টাকা ছাড়া হবে না কেন। সরকার আমাদের বেতন দেয় সঠিকভাবে কাজ করার জন্য। মানুষের কাছে টাকা নেওয়ার জন্য নয়। লোকটি বলল, স্যার কোন কাজের জন্য গেলে অফিসের বিভিন্ন নিয়মের কথা বলে এবং দিনের পর দিন ঘুরায়। আর মাঝে মাঝে সরাসরি টাকার কথাও বলে। তাড়াতাড়ি করার জন্য আমরা টাকা দেই। আমি বললাম, আপনারা এর প্রতিবাদ করেন না কেন? লোকটি বলল, স্যার অনেকে প্রতিবাদ করতে চায়, কিন্তু সাহস পায়না। তাছাড়া আমরা সঠিক আইন-কানুন জানিও না। লোকটি আবার বলল, স্যার বাংলাদেশ কবে দুর্নীতিমুক্ত হবে। আমি বললাম, হবে একদিন নিশ্চয়ই। আপনাদের জানতে হবে, বুঝতে হবে। নৈতিক শিক্ষা ছাড়িয়ে দিতে হবে সবার মাঝে। দুর্নীতি দমন কমিশন দুর্নীতি দমন ও দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আসুন সেই লোকটির মত আপনার জনসাধারনের আবেদন আর অনুভূতিগুলোকে ধারন করে সামনের দিকে এগিয়ে দুর্নীতিমুক্ত সমাজ গড়ি। জীবনে কোথায় আছি সেটা না ভেবে জীবনে কেমন আছি এটা ভাবাই হোক আমাদের চিন্তা আর চেতনা।

*****

# Love is the beauty of the world

**Sumitra Sen,** Assistant Director, ACC

The world is beautiful because love is there; Love is a strong feeling of deep affection for somebody, specially a member of our family on a friend. A mother's love is boundless for her children and we love our country for even, romantically love may be defined as a strong feeling of affection for somebody. A love song on love story is always enjoyable, Whether it tragic on romantic, does not matter.

Man is destitute to power of love. Love is a formidable attraction just like power of magnet. Love is a human interest, a sound conscious on a strong feeling. It has no actually definite argument, it cannot be analyzed only with help of knowledge, intelligence on power of thinking, It is an illusion to contemplator, ecstasy to sage. Love is an unattainable gold-stage to those who séance for it. Some say, susceptible lust like thunder, rhythm like tone on appreciation like poem is love.

In Greek mythology, god of love is blind. It is really true because love breaks command of nation, religion, boundary of time, custom of society, disparity of class and reels of linkage and even refuses the long lasting relation. Blind love does not see any fault of darling and strongly wants him/her all times. Evergreen love like laily-Majnu, Shiren-Krisna, Romeo-juliet

There are two consequences in love-good and bad. As victory, love makes the life enjoyable and as defeat, it makes the life without love is like a greenness desert. Life without love is nothing but unhappiness. This type of life is black-covered with darkness of ignorance. A married relationship which brings respect, passion, legally, approval of society and blessings of almighty.

Although we that longest is mother's love, shortest is other's love, sweetest is lover's love but strongest is fiend's love.

Patriotism means to have love for one's own country. All the times, we should love our country. Hence, mother land is superior to haven. Thus love emerges through sacrifice our life and showing great homage for our county.

Love invites every man to form a family life. It blooms through showing respect, sympathy and affection to family member. So, love is the beauty of the world.

*****

# যুদ্ধ নয় শান্তি

**সেলিনা আখতার মনি,** সহকারী পরিচালক, দুদক

Fight is life and fight is everywhere- অর্থাৎ যুদ্ধই জীবন- সার্বজনীন; এডলফ হিটলার এ কথা কেন বলেছিলেন তা সম্ভবতঃ জানা নেই। তবে পৃথিবীর প্রত্যেক ঘটনার পাদমূলে এবং প্রত্যেকটা বিকাশি ধারার উৎসমূলে রয়েছে যুদ্ধ। আজকের পৃথিবী তথা মানব সভ্যতা যে জায়গায় উপনীত হয়েছে এটাও সম্ভবতঃ যুদ্ধের উপহার স্বরূপ। কোন এক ইংরেজ লেখক বলেছিলেন "মেয়েদের জন্য যেমন মাতৃত্ব, অনুরূপ ছেলেদের জন্য যুদ্ধ"। যাই হোক ব্যক্তি মানুষের Perception গত কারণে ঘটনার উপযোগিতার হ্রাসবৃদ্ধি ঘটে। তাই বিভিন্ন যুগে বিভিন্ন মানুষের চেতনায় যুদ্ধের আবশ্যকতা ছিল এবং বিভিন্ন সময় তা বিকাশও পেয়েছে।

যে ঘটনায় লক্ষ লক্ষ মানুষ মরছে, একটি মাত্র মানুষ বা নেতার ইচ্ছাই সে ঘটনার একমাত্র কারণ হতে পারে না। একটি মানুষ যেমন একটি পাহাড়কে সমভূমি করতে পারে না; ঠিক তেমনি একটি মানুষের ইচ্ছাই কোন যুদ্ধ ঘটানোর জন্য খুবই ম্লান। তাহলে যুদ্ধের কারণটা কি? লক্ষ লক্ষ মানুষ একে অন্যকে হত্যা শুরু করল কেন? যুদ্ধ পরবর্তীতে এই অর্থহীন ঘটনার কারণ সম্পর্কে অনেক গবেষণা করা যেতে পারে, করা হয়। কিন্তু এই সব কথার সংখ্যাধিক্য প্রমাণ করে যে, এই ঘটনার কারণ হচ্ছে অসংখ্য। আর তার কোন একটিই কারণ হিসেবে উল্লেখিত হবার যোগ্য নয়।

মানুষকে হত্যা করা বাহ্যিক ও নৈতিক উভয় দিক থেকেই খারাপ। সৃষ্টির আদিকাল থেকেই এ কথা জেনেও লক্ষ লক্ষ মানুষ একে অপরকে হত্যা করে। কারণ এটা এমনই এক অনিবার্য প্রয়োজন যে, এ কাজ সম্পন্ন করে মানুষ প্রাণিতত্ত্বের সেই মৌলিক নিয়মকেই পূর্ণ করল, যাকে হেমন্তকালে পরস্পরকে হত্যা করে মৌমাছিরা জীবন পূর্ণ করে এবং যার প্রেরণায় পুরুষ পশু একে অন্যকে হত্যা করে। এই ভয়ংকর প্রশ্নের জবাব কেউ দিতে পারবে না। আমরা বিশ্বাস করতে বাধ্য হই যে, প্রতি কাজেরই যথেষ্ট কারণ আছে, আর এ বিশ্বাস এতই মূল্যবান যে, আমরা ইতিহাসের প্রমাণ ও অপরাধের পরিসংখ্যানকেও অগ্রাহ্য করি। এই মনোবিশ্বাস ও বাস্তবতার মধ্যে যে স্ব-বিরোধিতা তার কোন সমাধান নেই।

প্রাচীন ধ্যান ধারণাকে আঁকড়ে মানুষকে পুরস্কার বা শাস্তির এ ব্যবস্থা ঈশ্বর প্রদত্ত। কিন্তু আধুনিক বিজ্ঞানমনস্ক হয়ে কি করে এ কথা স্বীকার করা যায়। সেই Greek Mythology-র যুগেও যুদ্ধ হয়েছিল। সুন্দরী শ্রেষ্ঠা হেলেনের জন্য গ্রীক দেবতাদের মধ্যে যুদ্ধ হলে ধ্বংস হয়েছিল পুরো "ট্রয়" নগরী। থিসিউস, হিপোলিটার, ফ্রিইডার, প্যারিস যুদ্ধ করেছিলেন প্রেমের জন্য। ধর্মীয় কারণেও যুদ্ধ হয়েছে অনেকবার। বিশেষ করে ইসলাম ধর্ম বিকাশ লাভ করেছিল বিভিন্ন জাতির মতাদর্শের সাথে যুদ্ধ করে। বদরের যুদ্ধ, ওহুদের যুদ্ধ ও খন্দকের যুদ্ধ তাদের মধ্যে অন্যতম।

মানবাধিকার লঙ্ঘনের জন্যও যুদ্ধ হয়েছে যুগে যুগে। মানুষের প্রতি মানুষের শ্রদ্ধাবোধ থেকেই মানবাধিকারের জন্ম হয়েছে। আর সেই শ্রদ্ধাবোধ ছড়িয়ে পড়েছে রাষ্ট্রীয় পরিমন্ডলে এবং আর্ন্তজাতিক পরিমন্ডলেও। ব্যক্তির ভাল থাকা-খাওয়া, অন্যের জুলুম থেকে নিরাপদ থাকা, কেউ কারো অধিকারে হস্তক্ষেপ না করা এবং ব্যক্তির স্বাধীন চিন্তা ও মুক্ত বুদ্ধিকে সম্মান করার অর্থ মানবাধিকার। কোথাও মানবাধিকার লঙ্ঘিত হলে বিশ্বব্যাপী হৈ চৈ পড়ে যায়।

যুদ্ধ হয় ক্ষমতাকে অত্যাধিক ভালবাসা থেকে। ক্ষমতা হচ্ছে মদের মত। মদের নেশা যেমন ব্যক্তির সত্ত্বাকে নিঃশেষিত করে, ক্ষমতার নেশাও তেমনি একজন ব্যক্তির বুদ্ধি, কারণ, বিবেক ও বিচার ক্ষমতা লোপ করে দেয়। যে কোন উপায়ে ক্ষমতা লাভে সে মরিয়া হয়ে উঠে। অস্ত্রের প্রতিযোগিতাতেও সৃষ্টি হচ্ছে যুদ্ধ। মিগ-২১, মিগ-২৯, টর্নেডো রাশিয়া, এ-৩৭ উড়ন্ত ড্রাগন আরও আছে পারমাণবিক ও জীবানু অস্ত্র। এ্যানথ্রাক্স-সায়ানাইডের মত মরণ জীবানু অস্ত্র।

যে লোক রক্তপাত ঘটায় সে রক্ত থেকে পালাতে পারে না আর কার্লমার্কস বলেছেন- অসভ্য জাতিরাই শত্রুকে লাঞ্ছনা দিয়ে আনন্দ অনুভব করে। কিন্তু তারপরেও যুদ্ধ থেমে নেই। প্রথম বিশ্বযুদ্ধের জের ধরে দ্বিতীয় বিশ্বযুদ্ধ, উপসাগরীয় যুদ্ধের জের যুক্তরাষ্ট্র-ইরাক, আর আফগান যুদ্ধের জের থেকে ইরান-মার্কিন যুক্তরাষ্ট্রের যুদ্ধের পায়ঁতারা মানে Blood for blood.

এইসব যুদ্ধে হয়েছে প্রচুর ক্ষয়ক্ষতি, বির্সজন দিতে হয়েছে অনেক রক্ত। প্রত্যেক বিপ্লবের পদে পদে লেগে আছে রক্তের চিহ্ন। এজন্য একজন মনীষী বলেছিলেন-

"War is coward's business; there is nothing heroic in war. Compromise and commitment makes life peaceful and heroic."

যুগে যুগে যুদ্ধ সমূহের ক্ষয়ক্ষতি পরিসংখ্যানে শরীর শিউরে উঠে। সেই ক্ষতির পরিমাণ অস্ত্রের উন্নতির সাথে সাথে বেড়ে যাচ্ছে।

কলিঙ্গের যুদ্ধ, ক্রুসেডের যুদ্ধ, শতবর্ষব্যাপী যুদ্ধ হয়েছে । পৃথিবীতে পানিপথের প্রথম যুদ্ধের ধারাবাহিকতায় হয় আরও তিনটি যুদ্ধ, হয় ট্রাফালগার ও ওয়াটার লুর যুদ্ধ। ১৮৫৭ সালে হয় ইংল্যান্ডের সাম্রাজ্য বিস্তারের যুদ্ধ। বর্তমানে আরব-ইসরাইল, আফগান যুদ্ধ, ভারত-পাকিস্তানের কাশ্মির সমস্যাও কম হানাহানি সৃষ্টি করছে না।

উপমহাদেশে পলাশীর যুদ্ধ যেমন বিলুপ্ত করেছিল মুসলিম শাসন, অপরদিকে দিয়েছিল আজকের বিকশিত বাঙালী জাতির শিক্ষাদীক্ষা। পলাশীর যুদ্ধে আমরা যেটুকু হারিয়েছিলাম তার থেকে কম আমরা পাই নি। বলা যায়, মানব জাতির উত্থানের মূলে যুদ্ধের আবশ্যকতা কিছুটা স্বীকার্য। তবে যে বিতর্কটি আলোচনায় বার বার আসে তা হলো যুদ্ধ তথা রক্তক্ষরণ, ক্ষয়ক্ষতি ছাড়া কি আমরা তথা মানব সমাজ আর এ পর্যায়ে আসতে পারতাম না হয়তো পারা যেতো, নয়তো নয়। কিন্তু গত শতাব্দীর দুটি যুদ্ধ মানব জাতির যে অপূরণীয় ক্ষতি করেছে এতে কারও কোন দ্বিমত নেই। মূলতঃ এই দুই যুদ্ধের বিনিময়ে মানবজাতি তেমন কিছুই অর্জন করতে পারে নি। কিন্তু ক্ষতি হয়েছে অনেক বেশি। মূলতঃ এই যুদ্ধদ্বয় ছিল অস্ত্র, শক্তি ও অর্থের আধিপত্য বিস্তারের যুদ্ধ। সম্ভবতঃ মানবজাতির বিকাশের তথাকথিত সর্বশেষ ধাপ হলো এটাই। কারণ মনোবিজ্ঞানের ভাষায় মানুষের চাহিদার সর্বশেষ ধাপ হলো অপরের উপর আধিপত্য বিস্তার। প্রথম মহাযুদ্ধ এবং দ্বিতীয় মহাযুদ্ধ সম্ভবতঃ উপযুক্ত মন্তব্যের সত্যতা প্রমাণ করে।

দ্বিতীয় মহাযুদ্ধের ক্ষয়ক্ষতিই মানবজাতিকে অনেক পিছনে নিয়ে এসেছে। ৪ বছর ৩ মাস ব্যাপী প্রথম বিশ্বযুদ্ধে যেখানে ১ কোটি ২০ লাখ আহত হয়- ২য় বিশ্বযুদ্ধে সেখানে আরও বেশী। ৬ আগস্ট এবং ৯ আগস্ট হিরোসিমা ও নাগাসাকিতে লিটলবয় ও ফ্যাটম্যান নামক বোমা বিস্ফোরনে ধ্বংস করে দেয়া হয়। মানুষ মারা গেছে প্রায় দুই কোটি, বিলুপ্ত হয়েছে মানুষের কষ্টার্জিত সম্পদ।

A word must be Judged by its result sometimes. Not always by its intention. কাজেই যুদ্ধের উদ্দেশ্য যাই হোক, এর ফলাফল ভয়ংকর। তবু কথা থেকে যায়। Jevons বলেন, "The real class war will be a war of intellectual classes" অনেক সময় যুদ্ধের কারণ, ফলাফল মঙ্গলজনক হয়ে থাকে। যেমন ফরাসী বিপ্লবের মূল মন্ত্র ছিল "সাম্য, মৈত্রী, ভ্রাতৃত্ব"। আইনের চোখে সবাই সমান, আর রুশোর সেই বিখ্যাত উক্তিঃ Man is born free but everywhere he is in the chain অর্থাৎ স্বাধীনতা। তাই ফরাসী বিপ্লব বিশ্বের মঙ্গলের জন্য। কিন্তু বর্তমানে যুদ্ধের উদ্দেশ্য ও ফলাফল দুইই ভয়ংকর।

যুদ্ধের ভয়াবহতা ও শান্তির আকাঙ্ক্ষা নিয়ে লিখতে গেলে বর্তমান প্রেক্ষাপট আলোচনাও জরুরী। বর্তমান শতাব্দীতে চলছে তৃতীয় বিশ্বযুদ্ধের পাঁয়তারা। C.T.BT, জাতিসংঘ, নিরাপত্তা পরিষদ, SALT-1, SALT-2 এসব শান্তি চুক্তি মানা হচ্ছে না। আর্ন্তজাতিক সম্প্রীতি রক্ষা এবং বিশ্বের উন্নয়ন সাধন ও শান্তির জন্য ১৯৪৫ সালে জাতিসংঘ প্রতিষ্ঠিত হলেও তার বিধি-নিষেধ অমান্য করা হচ্ছে। কাশ্মীর সমস্যা, আফগানিস্তানের সংকট, ইরাকের সমস্যা, আরব-ইসরাইল সম্পর্ক, বসনিয়া সংকট এবং সবচেয়ে ভয়ংকর মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইরানের বর্তমান যুদ্ধাবস্থা। ইরান পারমানবিক অস্ত্র তৈরীর চেষ্টা চালাচ্ছে বলে যুক্তরাষ্ট্র আর বৃটেন প্রচার চালাচ্ছে। অথচ ইরান বলছে ভিন্ন কথা। সম্পূর্ণ বেসামরিক প্রয়োজনেই তাদের পরমাণু কার্যক্রম। কিন্তু ইঙ্গো-মার্কিন জোট একের পর এক অর্থনৈতিক অবরোধ আরোপ করেও ক্ষান্ত হচ্ছে না। ইরানের বাণিজ্যিক অংশীদার রাষ্ট্রগুলোকে চাপ দিয়ে ইরানকে বিচ্ছিন্ন করে ফেলার চেষ্টা চলছে। ফলশ্রুতিতে ইরানও মধ্য প্রাচ্যের তেল পরিবহনের জন্য গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালী বন্ধ করে দেয়ার হুমকি দিয়েছে। এদিকে সমরাস্ত্র সজ্জিত নৌবহর নিয়ে যুক্তরাষ্ট্রও হরমুজ প্রণালীতে অবস্থান নিয়েছে। সারা বিশ্ব উৎকণ্ঠা নিয়ে অপেক্ষা করছে, যে কোন সময় ইসরাইল-মার্কিন জোট ঝাঁপিয়ে পড়তে পারে ইরানের উপর।

কিন্তু বিশ্ববাসী এবার আর মার্কিনীদের কথায় বিশ্বাস আনতে পারছে না। ইরাককে জাতিসংঘের আইন লঙ্ঘনকারী হিসেবে আখ্যায়িত করে যুক্তরাষ্ট্র দখল করে নিয়েছিল। তারা প্রচার করেছিল ইরাকের ব্যাপক বিধ্বংসী অস্ত্রের কথা। কিন্তু এখন তারা দুঃখ প্রকাশ করে বলছে CIA-এর দেয়া তথ্যগুলো ছিল ভুল। মানবতাবিরোধী আর আর্ন্তজাতিক সন্ত্রাসের মদদদাতা ইরাকে পাওয়া গেল মাত্র ১১টি শুন্য ওয়ারহেড? এটা কি শুধুই একটা ভুল?

বুশ ও টনি ব্লেয়ারের সামান্য (!) এই ভুলের খেসারত জীবন দিয়ে দিতে হলো পুরো ১টি জাতিকে। ২২.১০.২০১০-এ প্রকাশিত ABC News এর রিপোর্ট অনুযায়ী ইরাক যুদ্ধে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখের ও বেশি। বাসস্থানচ্যুত হয়েছে প্রায় ২২,৫৫,০০০ নিরিহ মানুষ। মাতৃভূমি ছেড়ে সিরিয়া আর জর্ডানের উদ্বাস্তু শিবিরে আশ্রয় নিয়েছে আরও ২৫ লক্ষ ইরাকি। লক্ষ লক্ষ বিদেশী শ্রমিকের কর্মস্থল ইরাকে আজ বেকারত্বের হার ৩০% এরও বেশী। প্রতি বছর লক্ষ লক্ষ শিশু জন্ম নিচ্ছে বিকলাঙ্গ দেহ নিয়ে। এতবড় ধ্বংসযজ্ঞ চালিয়ে ইঙ্গো-মার্কিনিদের এই দুঃখ প্রকাশ তাদের সৌজন্যতাবোধ (!) নাকি রসিকতাবোধের পরিচয় দেয় তা আমরা বুঝি না।

অথচ কেন এই যুদ্ধ? বিশ্ব ৮৮ বছর আগে যুদ্ধে গিয়েছিল সারায়েভোতে একজন আর্চ ডিউককে হত্যার কারণে। বিশ্ব ৬৩ বছর আগে যুদ্ধে গিয়েছিল একজন নাৎসী একনায়ক পোল্যান্ড দখল করার জন্য। তাই বলে ১১টি শুন্য ওয়ারহেডের জন্য যুদ্ধ? 'লাদেন' নামক ১ জন মাত্র ব্যক্তিকে শায়েস্তা করতে আড়াই লক্ষ বর্গমাইলের ১টি দেশকে লন্ডভন্ড? ২৯ মিলিয়ন আফগান নারী পুরুষের জীবন কি একজন লাদেন-এর তুলনায় মূল্যহীন ছিল?

কিন্তু সারা বিশ্ব বলছে অন্য কারণ। মধ্যপ্রাচ্যের দেশগুলোতে নিজেদের অনুগত শাসন প্রতিষ্ঠা এবং সর্বোপরি তেল সম্পদ দখল। ২০০১ সালের Survey অনুযায়ী ১১৫ বিলিয়ন ব্যারেল তেলের রির্জাভ নিয়ে ইরাক ছিল বিশ্বের ২য় বৃহত্তম তেল সমৃদ্ধ দেশ। যা বর্তমানে ত্রিমাত্রিক জরিপের পর ধারনা করা হচ্ছে বিশ্বের বৃহত্তম। অন্যদিকে ভূ-প্রাকৃতিক ভাবেই আফগানিস্তান গুরুত্বপূর্ণ অঞ্চল।
ইরাক-আফগানিস্তানের পর মার্কিনিদের দৃষ্টি এখন ইরানের দিকে। বিশ্বের মোট তেল সম্পদের ১০% এবং গ্যাসের ১৫% রিজার্ভ সমৃদ্ধ ইরান সাম্রাজ্যবাদী মার্কিনিদের লোভী করে তুলেছে। USA তে ঘোষণা দেয়া হয়েছে ২০২৫ সালের মধ্যে সে দেশের অভ্যন্তরীণ চাহিদার সম্ভবত ৭০% মেটানো হবে আমদানিকৃত তেল দ্বারা। আগে এটা ছিল ৫৫%। অপরদিকে উত্তর কোরিয়া অস্ত্র সমৃদ্ধ হলেও

তাদের দিকে হাত বাড়াচ্ছে না যুক্তরাষ্ট্র। প্রচার করা হচ্ছে অস্ত্র পরিদর্শনের সময়সীমা। তাও মানছে না। অতএব, এ কথা বুঝতে অসুবিধা হচ্ছে না, ইরানের তেল, গ্যাস সম্পদ দখল করাই তার উদ্দেশ্য। অরুন্ধতি রায় বলেছেন, "আমি বিশ্বাস করি আগামী বছরগুলোতে বুদ্ধিজীবী ও শিল্পীদের ডাক পড়বে পক্ষ অবলম্বনের জন্য এবং তখন একটি উপনিবেশী শত্রুর সাথে যুদ্ধ করার বিলাসিতা আমাদের থাকবে না"- যেমনটা ছিল স্বাধীনতা সংগ্রামের সময়। বরং আমরা যুদ্ধ করব নিজেদের বিরুদ্ধেই আর "আর্ন্তজাতিক সন্ত্রাস বিরোধী মোর্চা আসলে বিশ্বের সবচেয়ে ধনী দেশগুলোর এক রুদ্ধদার সংঘ"। তখন কি আমরা একবার বর্তমান বিশ্বের দিকে দৃষ্টি দিই না, যেখানে তেল কোম্পানিগুলো শক্তিধর বিশ্বনেতাদের আঙুল ইরাক বিধ্বংসী বন্দুকের বোতামে চেপে ধরছে ক্রমাগত।

সাদ্দাম, লাদেন বা জর্জ বুশের মত কতিপয় ব্যক্তির জন্য পুরো সমাজ, বিশ্বযুদ্ধে জড়িত হতে চায় না। বিশ্ব চায় শান্তি। কিছু দৃষ্টান্ত থেকেই বোঝা যাবে যুদ্ধ নয় জনগণ চায় শান্তি।

বিখ্যাত লেখক বার্নার্ড'শ তাঁর Arms and The Man গ্রন্থে Satirized করেছেন War এবং Solider-কে Don Quixotic হিসেবে। বর্তমান প্রেক্ষাপটে দেখা যায় OIC ইরানের বিরুদ্ধে হামলা সম্পূর্ণরূপে প্রত্যাখ্যান করেছে। NAM-এর ১১৪ দেশের সদস্যরা ইরাক যুদ্ধের বিরুদ্ধে বিবৃতি দিয়েছে। লন্ডনভিত্তিক টাইম্‌স পত্রিকায় জরিপে দেখা যায় ৪৫% দায়ী করেছে যুক্তরাষ্ট্রকে। Frayedman সম্প্রতি প্রায় ইরাকের ২০টি অঙ্গরাজ্য সফর করে দেখেছেন দেশের ৯৫ ভাগ চায় বিনা যুদ্ধে আর্ন্তজাতিক সমস্যার সমাধান। এমনকি খ্রিস্টান ধর্মাবলম্বিরাও এর বিপক্ষে। তাইতো Pope John Paul 11-Ash Wednesday, 5th March-এ সারাবিশ্বের খ্রিস্টানদের শান্তির জন্য প্রার্থনার আহ্বান জানিয়েছেন। ক্যালিফোর্নিয়া পিস মুভমেন্ট নিজেদের নগ্ন শরীর দিয়ে যুক্তরাষ্ট্রের পাহাড়ের পাদদেশে "No War" লিখেছেন। Valentine Day তে যুদ্ধ বিরোধী একটা চমৎকার কোলাজ ছবি ছেপেছে Daily Mirro যেখানে বুশ এবং ব্লেয়ারকে ভালবাসতে বলেছেন। কার্টুনটিতে পরস্পরকে তারা চুমু খাচ্ছিল। আড়াই হাজার বছর আগে লিসিস্ট্রটা নামক নারীকে নিয়ে নাটক লিখেছিলেন গ্রীক নাট্যকার "অ্যারিস্টোফেনিস"। এই নারী তার সঙ্গিনীদের সাহায্য নিয়ে পুরুষদের যুদ্ধ করা থেকে বিরত রাখতে বাধ্য করেছিলেন। এই পদ্ধতিটি ছিল মোক্ষম, যুদ্ধ না থামা পর্যন্ত পুরুষদের সংগে যৌনকর্ম নয়। ফলাফল সন্ধি। এটি আবার বর্তমানে মঞ্চস্থ করা হচ্ছে ৩০৫টি মঞ্চে। এর চেয়ে কড়া প্রতিবাদ আর কি হতে পারে?

US Democrat Senator বলেছেন, "And war must always be the last resort, not the first choice".

French Minister বলেছেন, "No one can assert today that the path of war will be shorter than that of inspection. No one can claim either it might lead to a safer world. For, war is always the sanction of the failure".

বাংলাদেশের প্রেক্ষাপটেও দেখা যায়, ইরাক হামলার প্রতিবাদে প্রবল গণআন্দোলন, প্রতীকী আন্দোলন হয়েছে। পল্টন সমাবেশে দেয়া হয়েছে "ঢাকা ঘোষণা"। এই ঘোষণায় জাতিসংঘের মাধ্যমে সকল সমস্যার সমাধান করার দাবী করা হয়েছে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়, সর্বোস্তরের জনগণ যুদ্ধের বিপক্ষে।

নোবেল পুরস্কারজয়ী ফরাসী লেখক নগীব মাহফুজ বলেছেন, "সারা বিশ্বের ৬০০ শহরে অসংখ্য মানুষ রাস্তায় নেমে যুদ্ধ বিরোধী বিক্ষোভ প্রদর্শন করছে। আমার ইচ্ছে একদিন ঘুম থেকে উঠে দেখতে পাব যুদ্ধ ও সন্ত্রাস উভয়ের অপচ্ছায়া দৈবিক অপসারিত হয়েছে"।

না- আমার মনে হয় এ রকম Miracle না চাওয়াই ভাল। সমস্যাকে না এড়িয়ে Problem Face করতে হবে। সবাইকে জাতিসংঘের নীতিমালা মেনে চলতে হবে। শান্তিকামী মানুষকে বাঁচাতে যে কোন দেশের জন্য পারমানবিক অস্ত্র নিষিদ্ধ করতে হবে। শান্তি সংঘগুলোর নীতি মালা মেনে Perfect multipolar world গড়ে তুলতে হবে।

বর্তমান বিশ্বে যেহেতু যুদ্ধ মানবজাতির জন্য ঘৃণিত বিষয়, অগ্রগতির পিছনে বড় বাধা। আমাদের সকলকে শান্তিকামী হতে হবে। নতুবা বাট্রার্ন্ড রাসেলের সেই উক্তিই সত্যরূপে প্রতীয়মান হবে।

"Either man will abolish the war or, war will abolish the man" না, আমরা abolished হতে চাই না। আমরা শান্তি চাই - শান্তি।

*****

# দিনাজপুর ভ্রমনের স্মৃতিকথা

**মোহাম্মদ মাহমুদুর রহমান,** সহকারী পরিচালক, দুদক

বিপিএটিসি তে একটানা ক্লাশ, পরীক্ষা দিতে দিতে সবাই যখন ক্লান্ত তখন শিক্ষা সফরের সংবাদ সবার মনে শান্তির সুবাতাস বইয়ে দেয়। কিন্তু সফরের স্থান নির্বাচন নিয়ে স্যারদের সাথে আমাদের যেন টম এন্ড জেরীর খেলা চলল। স্যাররা বলেন উত্তরবঙ্গের কথা আর আমরা বলি দক্ষিনবঙ্গের কথা। শেষ পর্যন্ত সে খেলায় নিয়মমাফিক স্যারদেরই জয় হলো। শেষ পর্যন্ত স্যারদের আদেশ শিরোধার্য মনে করে সবাই উত্তরবঙ্গেই শিক্ষা সফরে যেতে রাজী হলো। অনেক প্রতীক্ষার পর শেষ পর্যন্ত ০৯ মার্চ ২০১২ সকাল ১০ টায় আমরা দিনাজপুরের উদ্দেশ্যে যাত্রা শুরু করলাম। বাস দেখে সবাই যে যার মতো মন্তব্য করতে লাগল। একেকটি মন্তব্য যেন একেকটি পারমানবিক বোমা। তবে খুব অল্প সময়ের মধ্যেই সবাই সে সব ব্যঙ্গাত্বক মন্তব্য ছেড়ে দিয়ে গলা ছেড়ে গান গাইতে লাগল। সে গানের মাধ্যমে একেকজন যেন ছাত্রজীবনে ফিরে গেল। সবার বাধভাঙ্গা ছেলেমানুষি উল্লাস দেখে স্যারদের যেন বিশ্বাস করতেই কষ্ট হচ্ছিল এরাই কি আমাদের সে সব সুবোধ অফিসার নাকি অন্য কেউ? এখানে একটা বিশেষ ব্যাপার ঘটলো যে যাদেরকে এ অবধি শান্ত, নীরব অফিসার মনে হয়েছিল তারাই বিস্ময়করভাবে জেগে উঠেছিল। তবে এদের উল্লাস ও বেশীক্ষণ টেকেনি। কিছুক্ষনের মধ্যেই বেশ কয়েকজন ঘুমের রাজ্যে হারিয়ে গেল। এখানেও মজা করার উপকরণ খুজে নিতে একটু ও দেরী করলো না কেউ কেউ।





ফয়সাল, আশিক, জাহাঙ্গীর মেতে উঠল বিভিন্নজনের বিভিন্ন ভঙ্গিতে ঘুমের ছবি তুলতে। স্যাররা ও তাদের এই অত্যাচার থেকে বাঁচতে পারলো না; বিশেষ করে কায়েসুজ্জামান স্যার। এর মাঝে শাওনের awesome!! গান এবং নাচ সবাইকে মুগ্ধ করে ছাড়ল। এসব করতে করতে কখন যে দিনাজপুর পৌছে গেলাম তা টেরই পেলাম না। দিনাজপুরে আমাদের থাকার জায়গা হলো কারিতাস গেস্ট হাউসে। বিপিএটিসি তে সি সি স্যার আমাদের মধ্যে যে কোন আট জনের জন্য কারিতাস গেস্ট হাউসে কক্ষ বেছে নেয়ার যে lucrative offer!! (অবশ্য স্যার নিজে ও সে offer এর ব্যাপারে বিষদ জানতেন না) দিয়েছিলেন তা শেষ পর্যন্ত তাদের জন্য বুমেরাং হয়ে দেখা দিল। তাদের কেউ কেউ সে কয়দিন সহকর্মীদের মাঝে নিজেকে স্টাফ হিসেবে পরিচয় দিত। কারিতাসে একটা বিশেষ গাছ দেখে সবাই খুব কৌতূহলী হলো। গাছটির নাম ছিল বাঁদর লাঠি যার ইংরেজী নাম ছিল BAUB।

দিনাজপুরে বিভিন্ন জায়গায় ঘুরতে আমরা যে বাসটি ব্যবহার করেছিলাম সে বাসে একটি নির্দিষ্ট আসনে বসা নিয়ে অনেকের মধ্যে বিশেষ করে ফয়সাল, আশিকের মধ্যে যে প্রতিযোগিতা চলল তা সবাইকে একটু টক, ঝাল, মিষ্টি মন্তব্য করতে বিশেষ উৎসাহ জুগিয়েছে। দিনাজপুরে আমরা বিভিন্ন জায়গায় ঘুরেছি যেমন দিনাজপুর কোতয়ালি থানা, হিলি স্থল বন্দর, স্বপ্নপুরী, মধ্যপাড়া গ্রানাইট মাইন, বড়পুকুরিয়া কয়লা খনি, কান্তজীর মন্দির। এর মধ্যে এক দিকে হিলি স্থল বন্দরে গিয়ে যেমন সবার মধ্যে বাংলাদেশী জাতীয়তাবাদের উন্মেষ ঘটেছে নতুন করে তেমনি করে স্বপ্নপুরীতে গিয়ে অনেকের স্বপ্নভঙ্গ হয়েছে। তবে এখানেও কেউ কেউ মৎস্য রাজ্যে মৎসকন্যার সাথে বসবাসের বাসনা করতেও ছাড়ল না। এদিকে আবার মধ্যপাড়া গ্রানাইট মাইন এবং বড়পুকুরিয়া কয়লা খনিতে গিয়ে একেকজন যেন গ্রানাইট ও কয়লা বিশেষজ্ঞ হয়ে উঠল। কেউ কেউ কয়লা সংরক্ষন করে diamond পাওয়ার ও আশা করতে লাগল। আমাদের মধ্যে কারও কারও এসব কিছুই ভাল লাগেনি কারণ তাদের সমস্ত মনোযোগের কেন্দ্রবিন্দু ছিল Dinajpur Medical College। দিনাজপুর ডি সি অফিসে ২৮ তম, ২৯ তম এবং ৩০ তম বিসিএস এ নিয়োগ পাওয়া সহকারী কমিশনারদের সাথে সাক্ষাতের পর কাউকে কাউকে দীর্ঘশ্বাস ফেলে বুকের ভেতরে জমে থাকা চাপা যন্ত্রনা প্রকাশ করতে ও দেখা যায়। আবার মহিলা সহকারী কমিশনারদের দেখে কারও কারও মনের ঈষাণ কোণে একটু অন্যরকম অনুভূতি ও জেগে উঠতে দেখা যায়। তবে পরিতাপের বিষয় হচ্ছে যে আমাদের দেশে চলমান রাজনৈতিক অস্থিরতা আমাদের এই আনন্দময় সফরকে ও বিঘ্ন করতে ছাড়ল না। বিরোধী দলের ডাকা রাজনৈতিক কর্মসূচীর ফলশ্রুতিতে হরতালের আশংকায় এবং কোর্স ম্যানেজমেন্টের তাড়নায় ট্যুর সংক্ষিপ্ত করে ঢাকায় ফিরে আসতে বাধ্য হলাম এবং আবার যথারীতি বিপিএটিসি তে শৃংখলার বেড়াজালে আবদ্ধ হলাম।

# *Corruption in the eye of Islam*

**Md. Moshiur Rahman,** Assistant Director, ACC

" Ar Rashi wal murtashi la yad khulul jannah"
It means- The giver and the receiver of a brive end up in Jahannum (Hell).

**The word(s) "Corruption" appears 7 times(s) in 7 verse(s) in Quran in M. Khan translation.**

1) And those who disbelieve are allies of one another, (and) if you (Muslims of the whole whole world collectively) do not do so [i.e. become allies, as one Khalifah (a chief Muslim ruler for the whole Muslim world) to make victorious Allah's religion of Islamic Monotheism], there will be Fitnah (wars , bettles, polytheism) and oppression on the earth, and a great mischief and corruption (appearance of polytheism). -Al-Anfal, Chapter #4. Verse#73)

2) Had they marched out with you. they would have added to you nothing except disorder, and the would have hurried about in your midst (spreading corruption) and sowing sedition among you-and there are some among you who would have listened to them. And Allah is the All-Knower of the Zalimun (polytheists and wrong-doers.) -(At-Taubah, Chapter #9, Verse #47

3) "And O my people! Give full measure and weight in justice and reduce not the things that are due to people, and do not commit mischief in the land, causing corruption. -(Hud, Chapter #11, Verse #85)

4) Verily, We, it is We Who have sent down the dhikr (i.e. the Qur'an) and surely, We will guard it (from corraption). -(At-Hijr, Chapter #15, Verse #9)

5) Those who disbelieved and hinder (men) form the path of Allah, for them We will and hinder (men) from the Path of Allah, for them We will and torment to the torment because they used to spread corruption [by disobeying allah themselves, as well as well as ordering others (mankind) to do so]. -(An-Nahl, Chapter #16, Verse #88)

6) "And defraud not people by reducing their thing. nor do evil. making corruption and mischief the land. -( Ash-Shuara, Chapter #26, Verse #183)

7) Verily. those who disbelieved in the Reminder (i.e. the Qur'an) when it came to them (shall receive the punishment). And verily, it is an honorable well-fortified respected it from corruption. (See V. 15:9) -(Fussilat, Chapter #41, Verse #41

**The word(s) "bribery" appears 2 time(s) in 2 verse(s) in Quran in M. Khan translation.**

1) And eat up not one another's property unj ustly (in any illegal way e.g. stealing, robbing, deceiving, etc.) not rive bribery to the rulers (judges before presenting your cas es) that you may knowingly eat up a part of property of others sinfully. -(Al-Baqara, Chapter #2, Verse #188)

2) And their taking of Riba (usury) though they were forbidden from taking if and their devouring of men's substance wrongfully (bribery). And We have prepared for the disbelievers among them a paingul torment. -(An-Nisa, Chapter #4, Verse #161)

# যখন সময় থমকে দাঁড়ায়

**ফয়সাল মাহমুদ,** সহকারী পরিচালক, দুদক

সময়ের পথ ধরে আমরা এগিয়ে যাই সামনের দিকে। মনের জানালায় উঁকি দেয় না স্মৃতি। কেমন করে জানি সময় গুলো কেটে যাচ্ছে। এইতো সেদিন ২৭ ফেব্রুয়ারী আমার ২৭ তম জন্ম দিন ছিল। বিষয়টা মজার ছিল আমার জন্য। ২৭ তারিখ ২৭ বছর পূর্ণ হল। মাঝে মাঝে মনে হয় বয়সতো কম হলো না। কি করতে পেরেছি এই জীবনে। ছোট বেলার জীবনের মানে ছিল একরকম, কৈশোরে তার চেয়ে একটু ভিন্ন, এখন আরো অন্য রকম। যতই দিন যায় কেবলই অশান্ত মনে হয় নিজেকে। কেবলি ফিরে যেতে ইচ্ছ করে পুরোনো দিনগুলোতে। আচ্ছা, ২৭ বছর কি কম সময়? এই সময়ের মধ্যে ঠিক ভাবে পড়াশুনা সম্পন্ন করে একটি সম্মানজনক চাকরী পেয়েছি মাত্র, আরো কতকি করা যেত এই সুদীর্ঘ ২৭ বছরের জীবনে। পৃথিবীতে বিখ্যাত হওয়ার জন্য খুব বেশি যে সময়ের প্রয়োজন আছে তা নয়, বরং অল্প সময়েই পৃথিবীতে সাফল্যের নজির রেখে গেছেন অনেকেই। যেমন ধরুন সুকান্তের কথাই ধরা যাক, মাত্র ২১ বছর বয়সেই পৃথিবী ত্যাগ করেছিলেন, কিন্তু তার আগেই মানুষের হৃদয়ে দাগ কেটে গেছেন তার কলমের আলপনায়, আরো বলা যায় জন কীট্স এর কথা, তিনিও স্বল্পকাল ছিলেন পৃথিবীতে অথচ ভালবাসার কবি হয়ে বেঁচে আছেন আজও। মহাবীর আলেকজান্ডারও আছেন তাদের তালিকায়। সময় বড় নির্মম। আমাদের জীবনে কত কিছুই ঘটে যায়। কিন্তু সব কিছুই কি মনে গেঁথে থাকে? থাকে না। আমার মনে হয় সুখের স্মৃতির চেয়ে দুঃখের স্মৃতির দাগ কাটার গভীরতা অনেক বেশি। তাই বেশিরভাগ মানুষ বেশিরভাগ সময় দুঃখী থাকে, কারণ তাদের দুঃখগুলো এসে ভীড় করে মনের দোরগোড়ায় বার বার।

কখনও ছোট্ট সময় পার হতে চায় না, আবার কখনও বিশাল সময় চোখের পলকেই কেটে যায়। আসলে সময় বিষয়টা খুবই আপেক্ষিক, অপেক্ষার প্রহর ছোট হলে কি হবে, পার করা অনেক সময় সাপেক্ষ। আবার প্রিয়জনের সান্নিধ্যে সময় বয়ে চলে স্রোতের মতো। যাই হোক আমরাতো ঘড়ির কাটাকে ধরে রাখতে পারব না। কিন্তু সময়কে উপভোগ করতে তো পারি, যেটুকু সময় বেঁচে থাকি বা থাকব সেটুকু চেষ্টা করব হাসি, আনন্দে ভরে দিতে চার পাশকে। যদিও সময় মাঝে মাঝে থামকে দাঁড়াবেই।

*****

# অ্যান্টিবায়োটিক ব্যবহারে সতর্ক হোন

**দেবব্রত মন্ডল,** সহকারী পরিচালক, দুদক

অ্যান্টিবায়োটিক হচ্ছে এমন ধরনের ঔষধ যা ক্ষুদ্র অনুজীব (ব্যাকটেরিয়া) দ্বারা সংঘটিত রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়। আমাদের দেশে এই অ্যান্টিবায়োটিক ব্যবহার যেভাবে এবং যে পরিমানে হচ্ছে তা সত্যিই আশঙ্কাজনক। প্রত্যেকটি অ্যান্টিবায়োটিক একটি নির্দিষ্ট সময় ধরে নির্দিষ্ট পরিমানে গ্রহন করতে হয় এবং তা করা না হলে ব্যকটেরিয়াটি ঐ অ্যান্টিবায়োটিকের বিরুদ্ধে এক ধরনের অভ্যন্তরিন প্রতিরোধ (Resistance) গড়ে তোলে পরবর্তিতে ঐ ব্যাকটেরিয়াটির উপর ঐ অ্যান্টিবায়োটিকটি আর কোন প্রভাব ফেলতে পারেনা এবং তার কার্যকারিতা হারায়। ব্যাকটেরিয়া সাধারানত একজনের দেহ থেকে আর একজনের দেহে সংক্রমিত হয়। প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন একটি ব্যাকটেরিয়া যথেচ্ছ অ্যান্টিবায়োটিক ব্যবহারকারীর দেহ থেকে যখন অন্য কোন ব্যক্তির দেহে সংক্রমিত হয় তখন ঐ অ্যান্টবায়োটিকটি আর কাজ করে না যদিও তিনি যথেচ্ছ ব্যবহার করেননি। অনেকেই ডাক্তারের পরামর্শ ছাড়া ঔষধ গ্রহণ করেন এবং অনেক ডাক্তার দ্রুত আরোগ্যের আশায় নির্দিষ্ট মাত্রার বেশি ওষুধ দেন যা খুবই ক্ষতিকর এবং ব্যকটেরিয়ার প্রতিরোধে ক্ষমতা অর্জনে সহায়তা করে। এভাবে অনেক অ্যান্টিবায়োটিক তার কার্যকারিতা হারাচ্ছে। একটি নতুন অ্যান্টিবায়োটিক তৈরী করতে সাধারনত ১০ থেকে ২০ বছর সময় এবং হাজার হাজার কোটি টাকা লাগে। আমাদের অপরিনামদর্শী ব্যবহারের ফলে একসময় প্রচলিত সকল অ্যান্টিবায়োটিক তাদের কার্যকারিতা হারিয়ে ফেলতে পারে তখন অনুজীবের আক্রমন থেকে আমাদের বাঁচার আর কোন পথ খোলা থাকবে না। তাই সঠিক মাত্রায় সঠিক সময় অ্যান্টিবায়োটিক ব্যবহার করব এবং অপ্রয়োজনে ব্যবহার করব না।

*****
















INAUGURAL CEREMONY
CHIEF GUEST


INAUGURAL CEREMONY
Special Foundation Training Course
for
Assistant Directors of Anti Corruption Commission
Mr. Ghulam Rahman


INAUGURAL CEREMONY
Special Foundation Training Course
for
Directors of Anti Corruption Commission
Mr. Ghulam Rahman
















দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালকদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের কোর্স ম্যানেজমেন্টের সাথে প্রশিক্ষণার্থীবৃন্দ